# বার্ষিক প্রতিবেদন ২০২২

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

### উপজেলা পরিসংখ্যান কার্যালয়

### চন্দনাইশ,চট্টগ্রাম।

# সার্বিক তত্ত্বাবধান

জনাব মোহাম্মদ ওয়াহিদুর রহমান
উপপরিচালক ও
পরিসংখ্যান কর্মকর্তা (অঃদাঃ)
উপজেলা পরিসংখ্যান অফিস
চন্দনাইশ,চট্টগ্রাম

# সম্পাদনা পরিষদ

| ক্রমিক নং | নাম ও পদবি | কর্মস্থল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ ওয়াহিদুর রহমান, উপপরিচালক | জেলা পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম। | আহবায়ক |
| ০২ | জনাব জুয়েল চন্দ্র দেব, পরিসংখ্যান তদন্তকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, লোহাগাড়া, চট্টগ্রাম। | সদস্য |
| ০৩ | জনাব মোহাম্মদ জোবায়ের পরিসংখ্যান তদন্তকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম। | সদস্য |
| ০৪ | জনাব মো: আলমগীর হোসেন পরিসংখ্যান তদন্তকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম। | সদস্য |
| ০৫ | জনাব কাজী নজরুল ইসলাম, পরিসংখ্যান তদন্তকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম | সদস্য সচিব |



## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তা ও দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস যথা পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন ‘পরি ... ীন ‘কৃষি পরিসংখ্যান ব্যুরো’ ও ‘কৃষি শুমারি কমিশন’ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন ... ও পূনর্বিন্যস্ত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Stati

পরিসংখ্যান কর্মকর্তা (অঃদাঃ)
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
চন্দনাইশ,চট্টগ্রাম

# মুখবন্ধ

তথ্য ভিত্তিক ও টেকসই উন্নয়ন পরিকল্পনা একটি দেশের সার্বিক উন্নয়নের চাবিকাঠি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হাতে জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠিত হবার পর থেকেই দেশের শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, জনমিতি, কৃষি, নারী উন্নয়ন, মানবসম্পদ, পরিবেশ ইত্যাদি ক্ষেত্রে সময়োপযোগী পরিকল্পনা প্রনয়ন ও উন্নয়ন গবেষণার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অফিসিয়াল পরিসংখ্যান সরবরাহ করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রমসমূহ বর্তমানে ডিজিটাল ডিভাইস (মোবাইল ট্যাব) ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বার্ষিক প্রতিবেদন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম এর একটি নিয়মিত প্রকাশনা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র আওতাধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম এর যাবতীয় কর্মকান্ডের সমন্বয়ে এ প্রতিবেদন প্রকাশিত হচ্ছে। এ ধরণের উদ্যোগ জনগণের কাছে সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা সুনিশ্চিত করে থাকে।

জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস এর আওতাধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম বিভিন্ন শুমারির পাশাপাশি জনমিতি, জনস্বাস্থ্য, সামাজিক, অর্থনৈতিক, কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ, প্রভৃতি জরিপের তথ্য উপা্ত্ত সংগ্রহ, সংকলন ও প্রেরণ করে আসছে। দেশের পঞ্চবার্ষিকী পরিকল্পনা, রুপকল্প ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ প্রভৃতির বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে সঠিক ও নিভুল পরিসংখ্যানের বিকল্প নেই। কোভিড-১৯ জনিত প্রতিকূল পরিবেশ থাকা সত্বেও এ ধরণের গুরুত্বপূর্ণ কাজে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম নিরলসভাবে কাজ করে আসছে। পরিসংখ্যান কার্যক্রমের উন্নয়নে এদেশের পরিকল্পনাবিদ, গবেষক, অর্থনীতি, পরিসংখ্যানবিদ, সমাজবিজ্ঞানী ও উন্নয়নকর্মীসহ সংশ্লিষ্ট অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে পারস্পরিক অংশীদারিত্বের মাধ্যমে সময়োপযোগী ও তথ্য প্রযুক্তি নির্ভর পরিসংখ্যান প্রস্তুত করার বিষয়টিকে অগ্রাধিকার দেয়া হচ্ছে।

বর্তমানে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রত্যক্ষ দিক নির্দেশনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সম্পাদিত কার্যাবলী আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে । এজন্য মাননীয় পরিকল্পনামন্ত্রী, মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সকল কর্মকর্তা ও কর্মচরী এবং শুভানুধ্যায়ীদের প্রতি আমি আন্তরিকভাবে কৃতজ্ঞাতা প্রকাশ করছি। এছাড়াও প্রতিবেদন তৈরির সাথে জড়িত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে অত্যন্ত নিষ্ঠা ও নিরলস পরিশ্রমের মাধ্যমে কাজটি সম্পন্ন করার জন্যও ধন্যবাদ জ্ঞাপন করছি।

সেপ্টেম্বর ২০২৩ - মোহাম্মদ ওয়াহিদুর রহমান

# সূচিপত্র


১. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ---------------------------------------------------------------------------- 5

২. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম এর সাংগঠনিক কাঠামো: ------------------------------------------ 6

৩. বিবিএস এর সাংগঠনিক কাঠামোতে উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর অবস্থান: -------------------- 7

৪. উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর জনবল (৩১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে):------------------------- 7

৫. উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর সাধারণ (GENERAL) কার্যাবলি: ---------------------------- 7

৬. শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রমে উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর ভূমিকা:------------------------ 8

৭. উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর সার্বিক সহযোগিতায় বিবিএস কর্তৃক প্রকাশিত রিপোর্টসমূহ:------ 10

৮. ২০২২-২৩ অর্থবছরের উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:--- 11

৯. কর্মকর্তা/কর্মচারীদের পরিচিতি: ------------------------------------------------------------------------------- 12

১০. কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব:--------------------------------------------------------------------------------- 12

১১. আইন ও বিধি: ---------------------------------------------------------------------------------------------- 13

১২. নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করিবার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ: ----------------------------------------- 13

১৩. জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপন:------------------------------------------------------------------------ 14

১৪. অভ্যন্তরীণ প্রশিক্ষণ: ---------------------------------------------------------------------------------- 14

১৫. তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা:------------------------------------ 14

১৫.১ তথ্য প্রদানকারী কর্মকর্তা: ---------------------------------------------------------------------------- 14

১৫.২ বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা: --------------------------------------------------------------------- 14

১৬. উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের কিছু আলোকচিত্র: ----------------- 15

## ১. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

### পটভূমি :

পরিসংখ্যান কোন একটি দেশের আর্থ-সামাজিক অবস্থা, অগ্রগতি ও বৈষম্যের চিত্র তুলে ধরে। সে লক্ষ্য ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের সম্যক গুরুত্ব উপলব্ধি করা হয়। ফলশ্রুতিতে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারা এবং দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি মিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন')-কে একীভূত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের মাধ্যমে পূর্বে বিবিএস এর কাজ পরিচালিত হতো। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বিবিএস সত্যিকার অর্থে একটি আইনগত ভিত্তি পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর একই বছর ৩ মার্চ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বিবিএস এর ইতিহাসে একটি নতুন অধ্যায় সূচনা করেছে। এটি দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে কাজ করছে।

### বিবিএস-এর ভিশন

স্মার্ট বাংলাদেশ বিনির্মানে ও জনকল্যাণে আধুনিক পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত এবং উন্নত তথ্য প্রযুক্তির মাধ্যমে তা বিশ্লেষণ, সংরক্ষণ ও প্রকাশ এবং জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

### বিবিএস-এর মিশন

- স্মার্ট বাংলাদেশ বিনির্মানে সঠিক ও মানসম্মত এবং সময়োপযোগী উন্নত তথ্য প্রযুক্তি নির্ভর পরিসংখ্যান প্রস্তুত;
- দেশের উন্নয়ন ও পরিকল্পনা প্রণয়নে বিভিন্ন মন্ত্রণালয় এবং নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক এবং সরকারী ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, এনজিও, বিভিন্ন উন্নয়ন সংস্থা, আন্তর্জাতিক সংস্থা, মিডিয়া, ও সিদ্ধান্ত গ্রহণকারীদের চাহিদা মোতাবেক উপাত্ত পরিবেশন;
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

## ২. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম এর সাংগঠনিক কাঠামো:

**পরিসংখ্যান কর্মকর্তা (এসও)/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ইউএসও) - ০১ জন**

**Statistical Officer (SO)/Upazilla Statistical Officer (USO) - 01**

**পরিসংখ্যান তদন্তকারী (এসআই) - ০১ জন**

**Statistical Investigator (SI) - 01**

**জুনিয়র পরিসংখ্যান সহকারী (জেএসএ) - ০২ জন**


**Junior Statistical Assistant (JSA) – 02**

**চেইনম্যান - ০১ জন**

**Chainman - 01**

*** সর্বমোট = ০৫ জন (Total = 05)**

## ৩. বিবিএস এর সাংগঠনিক কাঠামোতে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম এর অবস্থান:




পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সৃষ্টির পর হতে দেশের পরিসংখ্যান কার্যক্রমে আরো গতি সঞ্চার হয়েছে। ইতোমধ্যে বিবিএসকে শক্তিশালী করার যে প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে তা সফলভাবে বাস্তবায়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ফলে, দেশের পরিসংখ্যানের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এ প্রেক্ষিতে অধিকতর মানসম্পন্ন তথ্য ও উপাত্ত দ্রুততম সময়ে সরবরাহের জন্য বিবিএস এর মাঠ পর্যায়ে তথা সকল বিভাগ ও জেলা পর্যায়ে অফিস স্থাপন এবং উপজেলা পর্যায়ের অফিসসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে বিবিএস এর সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় অফিস এবং ৬৪ টি জেলায় জেলা অফিস স্থাপন করে চার স্তরবিশিষ্ট সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে।

## ৪. উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর জনবল (৩১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে):

| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | আইটসোসিং | মোট |
|---|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ০১ | - | ০৩ | ০১ | - | ০৫ |
| কর্মরত | - | - | ০২ | - | - | ০২ |

## ৫. উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর সাধারণ (General) কার্যাবলি:

- জনশুমারি, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি, অর্থনৈতিক শুমারি ও বস্তি শুমারিসহ অন্যান্য শুমারি এবং সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে যাবতীয় জরিপ কার্যক্রমের তথ্য সংগ্রহ ও সার্বিক কার্যক্রমে অংশগ্রহণ;
- ভূমি ব্যবহারসহ ০৬টি প্রধান ফসল (আমন, আউশ, বোরো, পাট, গম, আলু) ও ১২৬টি অপ্রধান ফসলের (আম, কাঁঠাল, কলা ইত্যাদি) একর প্রতি উৎপাদন ও উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন ও প্রেরণ;

- বন জরিপ, মৎস উৎপাদন সংক্রান্ত জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির হিসাব প্রাক্কলন এবং দাগগুচ্ছ জরিপের তথ্য সংগ্রহ ও প্রেরণ;
- শীতকালীন ও গ্রীষ্মকালীন ভুট্টা জরিপসহ মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ ও প্রেরণ;
- প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্ট অস্থায়ী ফসলের (আমন, আউশ, বোরো, গম, আলু, পাট) ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ ও প্রেরণ;
- স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ;
- সরকারি পর্যায়ে উন্নয়নে পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে তথ্য প্রযুক্তিনির্ভর আধুনিক ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণে সহায়তা;
- জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics) সময় সময় হালনাগাদকরণে সহায়তা;
- পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ এবং পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
- পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে আধুনিক তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ; যেকোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;
- জাতীয় হিসাব প্রস্তুতকরণসহ অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতিক সংক্রান্ত নির্দেশক প্রণয়ন এবং প্রকাশে সহায়তাকরণ;
- জিও-কোড হালনাগাদকরণে সহায়তাকরণ;
- সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information System) প্রণয়ণে সহায়তা প্রদান;
- পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ, সেবা প্রদান ও সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন;

### ৬. শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রমে উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর ভূমিকা:

#### (ক) জনশুমারি ও গৃহগণনা:

Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে দেশের প্রথম ডিজিটাল শুমারি "জনশুমারি ও গৃহগণনা ২০২২" গত ১৫-২১ জুন ২০২২ খ্রি. সারাদেশের ন্যায় চন্দনাইশ উপজেলায় সফলভাবে সম্পন্ন হয়েছে।

#### (খ) অর্থনৈতিক শুমারি:

অর্থনৈতিক শুমারি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে তথ্য সংগ্রহ ও অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে।

#### (গ) কৃষি শুমারি:

কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে তথ্য সংগ্রহ ও অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে।

### (ঘ) ভাইটাল স্ট্যাটিসটিকস:

বিবিএস ১৯৮০ সাল হতে স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম শীর্ষক জরিপ নিয়মিতভাবে পরিচালনা করে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু,বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক ব্যবহার হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য প্রকাশ করে থাকে। চন্দনাইশ উপজেলায় ০৩ টি পিএসইউ এর স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ ও সুপারভিশন এবং প্রতিবেদন প্রেরণ করা হয়।

### (ঙ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান শুমারি:

দেশে প্রথমবারের মতো সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের বাস্তব অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের লক্ষ্যে বিবিএস কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান শুমারি ২০১৫ এর তথ্য সংগ্রহ ও অন্যান্য কার্যক্রমে  সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে।

### (চ) অন্যান্য শুমারি ও জরিপসমূহ:

এছাড়াও বিবিএস এর রাজস্ব ও উন্নয়ন খাতের বাজেটের অর্থে নিয়মিতভাবে বিভিন্ন জরিপের মাধ্যমে পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। ২০১৪-১৫ অর্থবছরে উইং ভিত্তিক বিভিন্ন কর্মসূচি যথা-বস্তি শুমারি ও ভাসমান লোকগণনা ২০১৪, হেল্থ অ্যান্ড মরবিডিটি স্ট্যাটাস সার্ভে ২০১৪, চাইল্ড মাদার নিউট্রিশন সার্ভে ২০১৪, এডুকেশন হাউজহোল্ড সার্ভে ২০১৪, জনজীবনে জলবায়ু পরিবর্তনের প্রভাব শীর্ষক জরিপ, ২০১৫ পল্লী ঋণ জরিপ ২০১৪, বিভিন্ন ফসলের উৎপাদনশীলতা নিরূপণ জরিপ, জাতীয় হিসাব উন্নয়ন কর্মসূচি এবং স্টেট ফেইজ ফর ন্যাশনাল পপুলেশন রেজিস্টার কার্যক্রমসমূহের চন্দনাইশ উপজেলায় তথ্য সংগ্রহ ও অন্যান্য সার্বিক কার্যক্রমে অংশগ্রহণ করেছে। এছাড়াও বিবিএস নিয়মিতভাবে ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ, শিশু শ্রমশক্তি জরিপ, মাল্টিপল ইনডিকেটর ক্লাস্টার সার্ভে, উৎপাদনশীলতা জরিপ, সার্ভে অব ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি এবং মজুরি হার জরিপ ইত্যাদি কার্যক্রমে চন্দনাইশ উপজেলা সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে।

প্রতিষ্ঠালগ্ন থেকে বিবিএস কর্তৃক পরিচালিত গুরুত্বপূর্ণ শুমারি ও জরিপসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| ১ | জনশুমারি ও গৃহগণনা | ১৯৭৪ সাল থেকে ১০ বছর অন্তর মোট ৫ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ২ | অর্থনৈতিক শুমারি | ১৯৮৬ সাল থেকে মোট ৩ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৩ | কৃষি শুমারি | ১৯৭৭ সাল থেকে মোট ৪ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৪ | খানার আয় ব্যয় জরিপ | ১৯৭৩-৭৪ সাল থেকে মোট ১৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৫ | শ্রমশক্তি জরিপ | ১৯৮০ সাল থেকে এ পর্যন্ত ১৩ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৬ | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সার্ভে | ১৯৮০ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ৭ | উৎপাদন শিল্প জরিপ | ১৯৭২ সাল থেকে ২৮ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৮ | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে | ১৯৯৩ সাল থেকে ১২ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৯ | চাইল্ড নিউট্রিশন সার্ভে | ১৯৮৫-৮৬ সাল থেকে ৭ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১০ | কৃষি দাগগুচ্ছ জরিপ | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১১ | ওয়েজ রেট সার্ভে | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১২ | মূল্য ও মজুরি পরিসংখ্যান | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৩ | হেল্থ অ্যান্ড ডেমোগ্রাফিক সার্ভে | ১৯৮০ সাল থেকে ৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১৪ | কৃষি ফসলের আয়তন ও উৎপাদন জরিপ | ১৯৭২ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৫ | পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান | ২০১৬ সাল থেকে জরিপ ও সেকেন্ডারি উৎস হতে তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান প্রকাশ করা হচ্ছে |
| ১৬ | কৃষি শুমারি | ২০১৯ সালে সম্পন্ন হয়েছে |

### (ছ) অংশীদারিত্বমূলক কার্যক্রম:

উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্বের অন্যান্য দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা এবং উন্নয়ন-সহযোগীর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আসছে। বিবিএস জাতীয় সংস্থা যেমন: A2i, উপজেলা প্রশাসন, উপজেলা কৃষি কার্যালয়, উপজেলা মৎস্য কার্যালয়, উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়, বন সংরক্ষের কার্যালয়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়. উপজেলা সমাজসেবা কার্যালয়, LGED, RHD, এবং আন্তর্জাতিক সংস্থা যেমন: UNICEF, WHO, FAO, ICDDRB, World Bank, JICA, KOICA প্রভৃতির সাথে সমন্বয় ও গবেষণাধর্মী কাজে সহায়তা প্রদান করে।

## ৭. উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম এর সার্বিক সহযোগিতায় বিবিএস কর্তৃক প্রকাশিত উল্লেখযোগ্য রিপোর্টসমূহ:

- Time Use Survey (TUS) 2021 এর Preliminary Report
- Women and Man in Bangladesh: Facts & Figures 2022' শীর্ষক Report
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর Preliminary Report

- ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর এর প্রাথমিক প্রতিবেদন
- ‘Survey on Childrens Education in Bangladesh 2021' কার্যক্রমের আওতায় Key Findings Report
- হোটেল ও রেস্টুরেন্ট জরিপ ২০২১ এর রিপোর্ট
- পাইকারি ও খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান জরিপ ২০২১ এর মূল রিপোর্ট
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর রিপোর্ট

## ৮. ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:

- “জনশুমারি ও গৃহগণনা ২০২২” এর তথ্য সংগ্রহ , ডেটা ক্লিনিং, ডেটা রি-চেক ও অন্যান্য সার্বিক কার্যক্রমে উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম সার্বিক সহযোগিতা প্রদান করেছে।
- ভূমি ব্যবহারসহ ০৬টি প্রধান ফসল (আমন, আউশ, বোরো, পাট, গম, আলু) ও ১২৬টি অপ্রধান ফসলের (আম, কাঁঠাল, কলা ইত্যাদি) একর প্রতি উৎপাদন ও উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন ও প্রেরণ করা হয়েছে।
- বন জরিপ, মৎস উৎপাদন সংক্রান্ত জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির হিসাব প্রাক্কলন এবং দাগগুচ্ছ জরিপের তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে।
- শীতকালীন ও গ্রীষ্মকালীন ভুট্টা জরিপসহ মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে।
- প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্ট অস্থায়ী ফসলের (আমন, আউশ, বোরো, গম, আলু, পাট) ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে।
- স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- ভৌগোলিক অবস্থানভেদে শিল্প, পেশা এবং লিঙ্গ ভিত্তিক প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম স্থানান্তর, মজুরি এবং কর্মঘন্টা সংক্রান্ত পরিসংখ্যান তৈরির লক্ষ্যে বিবিএস ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে পরিচালিত “ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ” Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম তথ্য সংগ্রহ কার্যক্ররম ও সুপারভিশন চলমান আছে।

## ৯. কর্মকর্তা/কর্মচারীদের পরিচিতি:

উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ,চট্টগ্রাম

| ক্রমিক | ছবি | নাম | পদবী | ই-মেইল | মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ০১ |  | মোহাম্ম ওয়াহিদুর রহমান | উপপরিচালক | Wahidbbs.bd@gmail.com | ০১৯১১৫৮৩৪৭৫ |
| ০২ |  | কাজী নজরুল ইসলাম | এসআই | nazrulefe@gmail.com | ০১৭১২৯০২১৭৭ |
| ০৩ |  | মো: আলমগীর হোসেন | এসআই (সংযুক্তি) | Rubelfeni182@gmail.com | ০১৮৪৯৫৪১৮৭৯ |

## ১০. কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব:

| ক্র. নং | নাম ও পদবী | অর্পিত দায়িত্ব সমূহ ( নথি সমূহের নাম ) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব কাজী নজরুল ইসলাম, এসআই | ১। iBas++ কার্যক্রমের তথ্য প্রেরণ সংক্রান্ত নথি ২। চাকুরী বহি সংক্রান্ত নথি ৩। অফিস ভাড়া সংক্রান্ত নথি ৪। বেতন বিল সংক্রান্ত নথি ৫। বেতন নির্ধারণী সংক্রান্ত নথি ৬। শ্রান্তি /ইনক্রিমেন্ট সংক্রান্ত নথি ৭। টাইম স্কেল সংক্রান্ত নথি ৮। কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণ তহবিলের আবেদন নথি ৯। বার্ষিক গোপনীয় প্রতিবেদন নথি ১০। EFT সংক্রান্ত নথি ১১। বরাদ্দ মঞ্জুরী/ব্যয়োত্তর মঞ্জুরী সংরক্ষণ নথি ১৬। প্রস্তাবিত ও সংশোধিত বাজেট নথি ১৮। 12 মাসের হিসাব ১২। 6 মাসের হিসাব ১৩। 9 মাসের হিসাব ১৪। বিদ্যুৎ বিল পরিশোধ ও সংরক্ষণ নথি ১৫। বিদ্যুৎ সংক্রান্ত যোগাযোগ নথি ১৬। জিপিএফ অগ্রীম আবেদন পত্র নথি ১৭। উপজেলা পরিসংখ্যান অফিসের মঞ্জুরী ও আবেদনপত্র নথি ১৮। জিপিএফ অগ্রিম মঞ্জুরী নথি/চূড়ান্ত উত্তোলন নথি ১৯। এলপিসি প্রত্যয়ন সংক্রান্ত নথি ২০। বিভাগীয় অডিট সংক্রান্ত নথি ২১। সরকারী অডিট সংক্রান্ত নথি ২২। এলপিআর ও পেনশন সংক্রান্ত নথি ২৩। কম্পিউটার এর যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত নথি ২৪। আসবাবপত্র ক্রয় ও মেরামত সংক্রান্ত নথি ২৫। কর্মপরিকল্পনা বিষয়ক নথি। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। এপিএএমএস (APAMS) সফটওয়্যার। ২৬। জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প সংক্রান্ত নথি ২৭। চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত নথি ২৮। পদোন্নতি সংক্রান্ত নথি ২৯। নিয়োগ সম্পর্কিত নতুন ফাইল ৩০। উপজেলা শুমারি কমিটি গঠন নথি ৩১। পৌরসভা শুমারি কমিটি গঠন নথি ৩২। SO দের দায়িত্ব হস্তান্তর নথি ৩৩। কর্মচারী যোগদান/অব্যহতি নথি ৩৪। কর্মচারীদের বদলী সংক্রান্ত নথি ৩৫। কর্মকর্তাগণের নিয়োগ ও বদলী সংক্রান্ত ৩৬। কৈফিয়ত তলব সংক্রান্ত নথি ৩৭। দায়িত্ব হস্তান্তর ও আয়ন ব্যয়ন সংক্রান্ত নথি ৩৮। পুলিশ ভেরিফিকেশন সংক্রান্ত নথি ৩৯। অভিযোগ তদন্ত সংক্রান্ত নথি । ৪০। দাপ্তরিক কর্মবণ্টন নথি ৪১। প্রশিক্ষণ সংক্রান্ত নথি ৪২। জেলার সমন্বয় সভা সংক্রান্ত নথি ৪৩। FA & MIS WING হতে আগত চিঠি ৪৪। মন্ত্রনালয় হতে আগত চিঠি ৪৫। আর্থ-সামাজিক ও জনমিতিক জরিপ-২০২৩ প্রকল্প সংক্রান্ত নথি ৪৬। LAS প্রকল্প সংক্রান্ত নথি। ৪৭। অর্থনৈতিক শুমারি সংত্রান্ত নথি ৪৮। বিশ্ব পরিসংখ্যান দিবস নথি। ৪৮।জাতীয় প্রতিবন্ধি জরিপ-২০১৩-১৬ ৪৯। জাতীয় প্রতিবন্ধি ব্যক্তি জরিপ -২০২১ সংক্রান্ত নথি<br>৫০। কৃষি নমুনা জরিপ নথি ৫১। কৃষি শুমারি /২০০৮ নথি ৫২। কৃষি শুমারি /২০১৮ নথি ৫২। পাইকারী ও খুচরা ব্যবসায় জরিপ-২০২০ ৫৩। হোটেল এবং রেস্টুরেন্ট জরিপ-২০১৮-২০২০ ৫৪। উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের বাজেট সংক্রান্ত নথি<br>৫৫। টেলিফোন সংক্রান্ত যোগাযোগ নথি ৫৬। কম্পিউটার সংরক্ষণ নথি ৫৭। কম্পিউটার ও আসবাবপত্রের মজুদ/হিসাব/চাহিদা সংক্রান্ত নথি ৫৮। আর্থিক সাহায্যের জন্য নথি ৫৯। ৪র্থ শ্রেণী কর্মচারীদের পোশাক সংক্রান্ত নথি ৬০। মোটরসাইকেল সংরক্ষণ সংক্রান্ত নীতি ৬১। | |

| | | | |
|---|---|---|---|
| | | মোটর সাইকেল ব্যবহার সংক্রান্ত নথি ৬২। অফিসের গাড়ির পেট্রোল সংক্রান্ত নীতি ৬৩। নৈমিত্তিক ছুটি সংক্রান্ত নথি ৬৪। অর্জিত ছুটি সংক্রান্ত নথি ৬৫। ঐচ্ছিক ছুটি সংক্রান্ত ফাইল ৬৬। হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ ৬৭। "ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারুশিল্পজাত পণ্য জরিপ ২০২২" সংক্রান্ত নথি | |
| ০২ | জনাব মো: আলমগীর হোসেন, এসআই (সংযুক্তি) | ১। শিশু শিক্ষা ও স্বাক্ষরতা জরিপ নথি ২। তাঁত শুমারি নথি ৩। বস্তি জরিপ নথি ৪। তাঁত ও কুটির শিল্প জরিপ নথি ৫। লিটারেসি এ্যাসেসমেন্ট জরিপ নথি ৬। নারী নির্যাতন (Violence Against Women) নথি ৭। টাইম ইউজ সার্ভে (Time Use Servey) নথি ৮। স্বাস্থ্য ও জনতত্ব জরিপ ৯। সিটিজেন সার্ভে -২০১৯ ৯। জলবায়ু সংক্রান্ত জরিপ ১০। Wash Expenditure Survey-2021 ১১। স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্পের কাজে সহযোগিতা প্রদান ১২। বায়োডাটা (পিডিএস) সংক্রান্ত নথি ১৩। পৌরসভা সংক্রান্ত নথি ১৪। অর্থনৈতিক শুমারি সংত্রান্ত প্রকল্পের কাজে সহযোগিতা প্রদান।<br>১৫। উপজেলা পরিসংখ্যান অফিসের পুরাতন আসবাবপত্র নিলাম/বিক্রয় সংক্রান্ত নথি ১৬। GATS শীর্ষক জরিপ নথি ১৭। উপজেলা প্রোফাইল সংক্রান্ত নথি ১৮। চন্দনাইশ উপজেলার ইউএনও অফিসের মিটিং এবং প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত নথি/ মাসিক কাজের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ নথি ১৯। কর্মকর্তা/কর্মচারীদের শূন্য পদের তথ্যাদি নথি ২০। ঢাকা হতে প্রেরিত চিঠিপত্র সংক্রান্ত নথি ২১। ব্যাংক হতে অর্থ লেনদেন সংক্রান্ত নথি ২২। ওয়েব পোর্টাল হালনাগাদ (ই-মেইল গ্রহণ, রেজিস্টার খাতায় নথিভুক্তকরণ এবং উপজেলায় ফরওয়ার্ড করা) সংক্রান্ত কার্যাবলী ২৩। ই-মেইল সংক্রান্ত কার্যাবলি ২৪। জলবায়ু ও পরিবেশ সংক্রান্ত নথি ২৫। পথশিশু জরিপ সংক্রান্ত নথি ২৬। মামলা তদন্ত সংক্রান্ত নথি ২৭। খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২ সংক্রান্ত নথি ২৮। Sector Based Establishment Survey-2023 সংক্রান্ত নথি ২৯। স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প সংক্রান্ত নথি।<br>৩০। চাবি এবং অফিসের অন্যান্য মালামাল সংরক্ষণ সংক্রান্ত ৩১। নথি ডাক গ্রহণ ও বণ্টন ৩২। ডাক প্রেরণ ও ডাক বিল ৩৩। ইস্যু রেজিস্টার ৩৪। ডাক টিকিটের হিসাব সংরক্ষণ কাজ ৩৫। ফটোকপিয়ার রক্ষনাবেক্ষন ও ফটোকপির কাজ সম্পন্ন করা। | |

## ১১. আইন ও বিধি:

| # | শিরোনাম |
|---|---|
| ১ | বিবিএস কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ |
| ২ | তথ্য অধিকার আইন ২০০৯ |
| ৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা নীতিমালা ২০১৬ |
| ৪ | পরিসংখ্যান আইন ২০১৩ |
| ৫ | পরিসংখ্যান বিধিমালা ২০১৪ |
| ৬ | জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র |
| ৭ | পরিসংখ্যান আইন ২০১৩ |

## ১২. নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করিবার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ:

- অনলাইনে তথ্যের আবেদন ফরম;
- ওয়েবসাইটে বিভিন্ন প্রকাশনা আপলোড;
- অনলাইন ও অফলাইনে তথ্য গ্রহণের সুবিধা;
- রেজিস্টার অনুসরণ করে তথ্য প্রদান;

## ১৩. জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপন:

পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিক রুপদানের লক্ষ্যে ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি মহান জাতীয় সংসদে ‘পরিসংখ্যান আইন ২০১৩’ পাস হয়। পরিসংখ্যান আইন পাসের ফলে জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) একটি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ২৭ ফেব্রুয়ারি দেশব্যাপী “জাতীয় পরিসংখ্যান দিবস” যথাযথ মর্যাদায় পালন করা হয়। এদিন আলোচনা সভাসহ র‍্যালির আয়োজন করা হয়।

## ১৪. অভন্তরীণ প্রশিক্ষণ:

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম এর কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে বিভিন্ন ফসলের তথ্য সংগ্রহ, কর্তন, প্রাক্কলন (কৃষি পরিসংখ্যান), মূল্য ও মজুরির তথ্য সংগ্রহ, আর্থিক, প্রশাসনিক, নৈতিকতা, শুদ্ধাচার, সুশাসন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ১৫. তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা:

### ১৫.১ তথ্য প্রদানকারী কর্মকর্তা:

| | | | | |
|---|---|---|---|---|
|  | নাম | মোহাম্মদ ওয়াহিদুর রহমান | ফোন (অফিস) | +880312515270 |
| | পদবি | যুগ্মপরিচালক(অ.দা.) | ফোন (বাসা) | |
| | অফিসের নাম | বিভাগীয় পরিসংখ্যান অফিস, চট্টগ্রাম | মোবাইল নং | 01911583475 |
| | ই-মেইল | wahidbbs.bd@gmail.com | ফ্যাক্স | |

### ১৫.২ বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা:

| | | | | |
|---|---|---|---|---|
|  | নাম | মো: আলমগীর হোসেন | ফোন (অফিস) | |
| | পদবি | এসআই (সংযুক্তি) | ফোন (বাসা) | |
| | অফিসের নাম | উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ, চট্টগ্রাম। | মোবাইল নং | ০১৮৪৯৫৪১৮৭৯ |
| | ই-মেইল | rubelfeni182@gmail.com | ফ্যাক্স | |

## ১৬. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চন্দনাইশ,চট্টগ্রাম এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের কিছু আলোকচিত্র:



পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক সাদরে বরণ।




পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থপনা বিভাগের সম্মানিত সচিব মহোদয় কর্তৃক মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন ও দিক নির্দেশনা প্রদান।



এসভিআর প্রকল্পের আওতায় স্থানীয় রেজিস্টার কর্তৃক তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন



উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় মেধাবী ছাত্রছাত্রীদের মাঝে ট্যাবলেট বিতরণ




উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ এর কর্তৃক ফসল কর্তন। উপস্তিত ছিলেন বিভাগীয় পরিসংখ্যান অফিসের যুগ্নপরিচালক (অঃদাঃ) জনাব মোহাম্মদ ওয়াহিদুর রহমান মহোদয়।




উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ কর্তৃক আলু কর্তন।





চন্দনাইশ উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক আয়োজিত ইউএনও ও মেয়র মহোদয়ের সভাপতিত্বে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর অবহিতকরণ সভা।



জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণের চিত্র



চন্দনাইশ উপজেলার ইউএও, চন্দনাইশ পৌরসভার মেয়র ও থানার অফিসার ইনচার্জ মহোদয় থেকে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্য সংগ্রহের চিত্র



চন্দনাইশ উপজলোর জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রচারণার চিত্র



জেলা পরিসংখ্যান অফিস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত আনন্দ ভ্রমণ।



পরিসংখ্যান দিবসের র‍্যালীর চিত্র



উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক জাতীয় শোক দিবসে শ্রদ্ধাঞ্জলী



উদ্ভাবনী মেলা ২০২৩ এর উপজেলা পরিসংখ্যান অফিসের স্টল পরিদর্শন করছেন স্থানীয় সংসদ সদস্য।



উপজেলা পরিসংখ্যান অফিসের ব্যস্ততা




উপজেলা পরিসংখ্যান অফিস, চন্দনাইশ, চট্টগ্রাম।